

		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b>  <b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b>  <b>কৃষি সম্প্রসারণ মিদপ্তর</b></p>		

**১৬-১৯ নভেম্বর, ২০২৩ এর সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

(বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, খাগড়াছড়ি, রাঙামাটি, চট্টগ্রাম, ঢাকা, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, টাংগাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, শরিয়তপুর, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, বগুড়া, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলার জন্য)

**প্রকাশের তারিখ: ১৬/১১/২০২০**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) বিশেষ আবহাওয়া বুলেটিনের তথ্য অনুসারে, বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ সৃষ্টি হয়েছে এবং তা উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আরও শক্তিশালী অবস্থায় ঘূর্ণিঝড় আকারে মোংলা এবং খেপুপাড়ার মধ্য দিয়ে বাংলাদেশ অতিক্রম করতে পারে। এ অবস্থায় ১৬-১৯ নভেম্বর ২০২৩ এর মধ্যে উপরোক্ত জেলাগুলিতে হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং উপকূলের কোথাও কোথাও অতি ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে ঘূর্ণিঝড়ের ক্ষতিকর প্রভাব থেকে দভায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- বৃষ্টিপাতের আগেই পরিপক্ব সবজি ও আমন ধান ৮০% পরিপক্ব হলে সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- জলাবদ্ধতা পরিহারের জন্য সবজি ও অন্যান্য রবি ফসলের জমির চারপাশের নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
- বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- সাহী ফসল হিসেবে রবি ফসলের বীজ বপন বন্ধ রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- কলা ও দভায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।



ড. মোঃ শাহ কামাল খান  
 প্রকল্প পরিচালক  
 মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪

